



এই ফর্মটি তৈরি করতে কোনও এটর্নির সাহায্য নেওয়া সহ এই সমনটির জন্য
একজন অ্যাটর্নি কে দিয়ে প্রতিনিধিত্ব করার অধিকার আপনার রয়েছে।

‘ব্যক্তিগত উপস্থিতির পরিবর্তে বিবৃতি’ পূরণের জন্য নির্দেশাবলী

লিখিত বিবৃতির মাধ্যমে উপস্থিত হওয়ার জন্য, ‘ব্যক্তিগত উপস্থিতির পরিবর্তে বিবৃতি’-র ফর্মটি (যেটি সংযুক্ত আছে) সম্পূর্ণ করুন এবং স্বাক্ষর করুন এবং আপনার শুনানির জন্য নির্ধারিত অফিসে এটি মেইল করুন। আপনার শুনানির তারিখের কমপক্ষে দুই সপ্তাহ আগে এই ফর্মটি অবশ্যই সেই অফিসে গৃহীত হতে হবে।

আপনার শুনানির সময়, বিচারক পুলিশ আধিকারিকের সাক্ষ্য শুনবেন এবং তারপরে রেকর্ডে থাকা আপনার লিখিত বিবৃতিটি পড়বেন। বিচারক আপনার লিখিত বক্তব্য এবং তার সাথে সংযুক্ত প্রামাণিক তথ্য বিবেচনা করবেন। আপনি উপস্থিত ছিলেন ধরে নিয়ে বিচারক মত দেবেন যে আপনি "দোষী" বা "দোষী নন"।

কীভাবে সম্পূর্ণ করবেন ‘ব্যক্তিগত উপস্থিতির পরিবর্তে বিবৃতি’

1. আপনার পুরো নাম, ঠিকানা এবং টিকিটের নম্বর লিখুন।
2. যদি একাধিক টিকিট থাকে, তাহলে প্রতিটি টিকিটের জন্য পৃথক ‘ব্যক্তিগত উপস্থিতির পরিবর্তে বিবৃতি’ ব্যবহার করুন।
3. বিশদে বর্ণনা করুন যে কেন আপনি বিশ্বাস করেন যে আপনি এই অভিযোগ(গুলি)তে "দোষী নন"। প্রয়োজনে অতিরিক্ত পৃষ্ঠা ব্যবহার করুন।
4. 'শংসাপত্র' বিভাগে আপনার নাম স্বাক্ষর করুন এবং তারিখ লিখুন।

‘ব্যক্তিগত উপস্থিতির পরিবর্তে বিবৃতি’ র সাথে কী কী নথিপত্র থাকা উচিত

1. আপনার ড্রাইভারের লাইসেন্স বা সরকার কর্তৃক জারি করা অন্য কোনো ফটো আইডি(ID)-র একটি ফটোকপি।
2. যে কোনও প্রামাণিক তথ্য (কাগজপত্র, প্রদর্শিত সামগ্রী, ফটো, হলফনামা ইত্যাদি) যা আপনি চান যে আপনার মামলার সিদ্ধান্ত নেওয়ার সময় বিচারক এগুলি বিবেচনা করুন। (এই জিনিসগুলি আপনাকে ফেরত দেওয়া হবে না)।

‘ব্যক্তিগত উপস্থিতির পরিবর্তে বিবৃতি’ কখন এবং কোথায় মেইল করবেন

1. আপনার ‘ব্যক্তিগত উপস্থিতির পরিবর্তে বিবৃতি’ এবং কোনও প্রামাণিক তথ্য শুনানির তারিখের কমপক্ষে দুই সপ্তাহ আগে অবশ্যই গৃহীত হতে হবে।
2. আপনার ‘ব্যক্তিগত উপস্থিতির পরিবর্তে বিবৃতি’-টি অবশ্যই TVB অফিসে মেইল করুন যেখানে আপনার শুনানিটি হবে।
3. আপনি যদি TVB-র ঠিকানার বিষয়ে অনিশ্চিত থাকেন, তাহলে অনুগ্রহ করে dmv.ny.gov/pleadandpay দেখুন বা কল করুন (718) 488-5710 নম্বরে।

গুরুত্বপূর্ণ বিমাইন্ডার (আমরা আপনার বিবৃতি পাওয়ার পরে)

যদি আপনার শুনানির দিন পরিবর্তিত করা হয়, তাহলে আমরা পরবর্তী শুনানির তারিখে আপনার বিবৃতিটি ব্যবহার করব। আপনাকে মেইলের মাধ্যমে নতুন তারিখের বিষয়েও অবহিত করা হবে যাতে আপনি সিদ্ধান্ত নিলে ব্যক্তিগতভাবে উপস্থিত হতে পারেন।

অতিরিক্ত প্রমাবলী

1. আপনি কল করতে পারেন (718) 488-5710 নম্বরে
2. dmv.ny.gov দেখুন

আমাদের সময়মতো বিবৃতি প্রেরণ, ব্যক্তিগতভাবে হাজির হওয়া বা একটি মূলত্ববি মঞ্জুর পেতে ব্যর্থতার ফলস্বরূপ হতে পারে:

- আপনার ড্রাইভিং সুবিধাগুলির স্বগিতকরণ, এবং
- \$70 এর স্বগিতকরণের সমাপ্তি ফি



নাম: _____

RE: টিকিট নং _____

আমিই উপরের টিকিটে বর্ণিত গাড়িচালক। আমার বিরুদ্ধে ট্র্যাফিক লঙ্ঘন করার অভিযোগ আনা হয়েছে এবং আমি এই অভিযোগের জন্য "দোষী নই" বলে আবেদন করেছি।

আমার ঠিকানা: _____

আমার জন্ম তারিখ: _____/_____/_____

আমি প্রশাসনিক আইন বিচারক মহাশয়কে অনুরোধ করছি যে আমার বিবৃতিটি পড়ুন এবং বিবেচনা করুন এবং আমার মামলায় সিদ্ধান্ত নেওয়ার আগে এটি রেকর্ডের অংশ করুন। আমি ব্যক্তিগতভাবে হাজির হওয়ার, সাক্ষীদের জিজ্ঞাসা করার, এবং/অথবা শুনানিতে উপস্থাপিত কোনও প্রমাণের বিরুদ্ধে আপত্তি জানানোর অধিকার ছেড়ে দিচ্ছি। আমি বুঝি যে এই বিবৃতিটি এই ব্যাপারে আমার উপস্থিতি প্রতিষ্ঠা করে।

আমি বুঝি যে, আমার অনুপস্থিতিতে, প্রশাসনিক আইন বিচারক এবং মোটরযান অধিদপ্তর আমার বিরুদ্ধে কোনও অনুমোদিত আইনী পদক্ষেপ নিতে পারে এই বিবেচনা করে যেন শুনানিতে আমি উপস্থিত ছিলাম। এই ধরনের পদক্ষেপগুলির মধ্যে আছে, কিন্তু তাতে সীমাবদ্ধ নয়, জরিমানা, সারচার্জ এবং মাসুল আরোপ এবং আমার ড্রাইভার লাইসেন্স বা ড্রাইভিং সুবিধা এবং/অথবা নিবন্ধনগুলির স্থগিত বা প্রত্যাহার। আমার বিরুদ্ধে যে কোনও সিদ্ধান্তের প্রতিবাদে আবেদন করার অধিকার আমার আছে।

আপনি কেন "দোষী নন" বলে আপনি বিশ্বাস করেন তা আপনাকে ব্যাখ্যা করতে হবে। আপনি অবশ্যই আপনার ড্রাইভার লাইসেন্সের বা সরকার কর্তৃক জারি করা কোনো ফটো আইডি-র একটি কপি সঙ্গে সংযুক্ত করবেন। (অতিরিক্ত পৃষ্ঠা, যদি প্রয়োজন হয়, এবং কোনও প্রামাণিক তথ্যের কপি সংযুক্ত করুন।)

শংসাপত্র: মিথ্যা হলের দণ্ডের অধীনে আমি শপথ করি যে আমি এই বিবৃতিতে এবং সমস্ত সহায়ক নথিপত্রের মাধ্যমে যে সমস্ত তথ্য সরবরাহ করেছি তা সর্বৈব সত্য। আমি বুঝি যে এই বিবৃতিটির সাথে সম্পর্কিত কোনও মিথ্যা বিবৃতি দিলে আমাকে NYS দণ্ডবিধির অধীনে ফৌজদারি মামলার সাপেক্ষ করতে পারে।

স্বাক্ষরিত X _____
গাড়িচালকের স্বাক্ষর

_____/_____/_____
তারিখ